♣ উত্তরপত্র

Bangladesh Bank AD 2018

Total questions : 80 Total marks : 80

---

1) ‘Black Monday' is related to

✔ 1) Stock Market
2) Terrorism
3) Environment
4) Women's Right

ব্যাখ্যা : ১৯২৯ সালের ২৮ অক্টোবর এবং ১৯৮৭ সালে ১৯ অক্টোবর শেয়ার মার্কেটের যে বিপর্যয় ঘটেছিলো সেদিন ছিলো সোমবার। তাই শেয়ার মার্কেটের এই বিপর্যয়কে 'Black Monday' বলে।

2) During the Liberation War of Bangladesh, the President of USSR was

1) Leonid Brezhnev
2) Nikita Khrushchev
3) Mikail Gorbachev
✔ 4) Nikolai Podgorny

ব্যাখ্যা : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন USSR বা The Union of Soviet Socialist Republics (বর্তমান রাশিয়ার) প্রেসিডেন্ট ছিলেন Nikolai Podgorny.

3) You can include names and addresses from a Source in MS-Word document a automatically by using

1) table
2) hyperlink
✔ 3) mail merge
4) slides

ব্যাখ্যা : চিঠির মূল বিষয় একই কিন্তু ঠিকানা ভিন্ন। প্রথমে মূল চিঠিটি টাইপ করে একটি ডকুমেন্ট তৈরি করে ঠিকানাগুলো টাইপ করে আরেকটি ডকুমেন্ট তৈরি করে দুটি ডকুমেন্ট একসাথে সংযুক্ত বা মার্জ করে দেয়া যায়। এতে প্রত্যেকের জন্য আলাদা আলাদা চিঠি টাইপ না। করে শুধু একবার টাইপ করা মূল চিঠির সাথে ঠিকানা সংবলিত ডকুমেন্ট মার্জ করাতে প্রত্যেকের নামে আলাদা আলাদা করে চিঠি তৈরি হবে। এতে করে ব্যবহারকারীর অনেক সময় বেঁচে যায়।

4) Which of the following is the name of the bank established by BRICS?

1) BRICS Development Bank
2) Developing Bank bit

Hello BCS

✔ 3) New Development Bank
4) Newly Developed Bank

ব্যাখ্যা : BRICS হচ্ছে একটি অর্থনৈতিক জোট। যুক্তরাষ্ট্রভিত্তিক ব্যাংক ও আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান গোল্ডম্যান স্যাকস এর অর্থনীতিবিদ জিম ও'নিল BRICS ধারণাটির প্রবর্তন করেন। এই জোটের সদস্যগুলো হলোঃ ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকা। BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকটির নাম হলো New Development Bank. যার সদর দপ্তর চীনের সাংহাইয়ে।

5) সহচর শব্দযোগে গঠিত দ্বন্দ্ব সমাসের উদাহরণ _

✔ 1) ধুতি – চাদর
2) ঘর – বার
3) আকার – ইঙ্গিত
4) বুক –পিঠ

ব্যাখ্যা : • যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে।
দ্বন্দ্ব সমাস কয়েক প্রকারে সাধিত হয় ।
মিলনার্থক শব্দযোগে : মা - বাপ
বিরোধার্থক শব্দযোগে : দা - কুমড়া,
প্রায় সমার্থক ও সহচর শব্দযোগে : ধুতি - চাদর ।
উৎস : বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

6) নিচের বিপরীত শব্দযুগলের মধ্যে অশুদ্ধ_

1) ঋতক – মহাজন
2) আসমান-জমিন
✔ 3) সিক্ত –রিক্ত
4) স্বপ্ন – বাস্তব

ব্যাখ্যা : সিক্ত অর্থ আর্দ্র, ভেজা।
অন্যদিকে রিক্ত অর্থ শূন্য, খালি সম্বলহীন, নিঃস্ব ইত্যাদি।
- সিক্ত এর বিপরীত শব্দ শুষ্ক
- রিক্ত শব্দের বিপরীত শব্দ - পূর্ণ।
উৎস : মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)

7) নিচের যে ভাষাগুচ্ছ একই পরিবারভুক্ত নয় __

1) বাংলা, মগহি, ভোজপুরিয়া
✔ 2) আসামি, তামিল, ওড়িয়া
3) হিন্দি, গুজরাটি, মারাঠি
4) পাঞ্জাবি, বাংলা , মারাঠি

Hello BCS

ব্যাখ্যা : • পৃথিবীর সবচেয়ে বড় ভাষাবংশের নাম ইন্দো -ইউরোপীয় ভাষাবংশ ।
'ইন্দো' মানে ইন্ডিয়া থেকে শুরু করে ইউরোপ পর্যন্ত অঞ্চলের অধিকাংশ ভাষা এই ভাষাবংশের অন্তর্গত । ইন্দো ইউরোপীয় ভাষাবংশ (৫০০০ খ্রিস্টপূর্ব) এর দুটি প্রধান শাখা ।
যথাঃ
কেতম ।
শতম ।
শতম ভাষা বিভিন্ন ভাবে ঘুরে এসে পোছায় গৌড় অপভ্রংশ(৪০০ - ৬০০ খ্রি.)যা থেকে পরে বাংলা ভাষা পাওয়া যায় । গৌড় অপভ্রংশ থেকে পাওয়া যায় তিনটি ভিন্ন ভাষা । বিহারি ।
প্রাচীন উড়িয়া ।
বঙ্গ-কামরূপি ।
আর বঙ্গ - কামরূপি ভাষা থেকে এসেছে বাংলা ও অসমিয়া ভাষা ।
সুতরাং বলা যায় আসামি, তামিল ও ওড়িয়া একই ভাষা গুচ্ছের নয় ।
উৎস : ব্যবহারিক ব্যকরণ (তারিক মনজুর, সহযোগী অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় ।)

8) 'বউদি ফাগুন মাসের সক্কাল বেলা অযথাই বড়দার সঙ্গে তক্ক কত্তে লাগল। ' ___ এই বাক্যে যে –কয়টি শব্দে ধ্বনি –পরিবর্তন ঘটেছে_

✔ 1) ৬ টি
2) ৭ টি
3) ৮ টি
4) ৯ টি

ব্যাখ্যা : প্রশ্নের বাক্যে ৬ টি শব্দের ধ্বনি পরিবর্তন হয়েছে ।
ধ্বনি পরিবর্তনের নামঃ
• ব্যঞ্জনচ্যুতিঃ
পাশাপাশি সম উচ্চারণের দুটো ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায় ।
যেমনঃ বউদিদি > বউদি ।
বড়দাদা > বড়দা ।
• অন্তর্হতিঃ
পদের মধ্যে কোন ব্যঞ্জন ধ্বনি লোপ পেলে তাকে অন্তর্হতি বলে ।
যেমনঃ ফাল্গুন > ফাগুন ।.
• দ্বিত্ব ব্যঞ্জনঃ
কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয় ।
যেমনঃ সকাল > সক্কাল
• র - কার লোপঃ
আধুনিক চলিত বাংলায় অনেক ক্ষেত্রে র-কার লোপ পায় এবং পরবর্তী ব্যঞ্জন দ্বিত্ব হয় , • যেমনঃ তর্ক > তক্ক করতে > কত্তে ।

উৎস : বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

Hello BCS

9) ‘নদী‘ শব্দের সমার্থক নয়_

1) ফল্গু
2) তরঙ্গিণী
3) শৈবলিনী
✔ 4) পাটনি

ব্যাখ্যা : • 'নদী' শব্দের সমার্থক নয় - 'পাটনি'
'পাটনি' শব্দের অর্থ = খেয়াঘাটের মাঝি।
• 'ফল্গু' শব্দের অর্থ = ভারতের গয়ার মধ্য দিয়ে প্রবাহিত অন্তঃসলিলা নদীর নাম।)
• 'নদী' শব্দের সমার্থক শব্দ : নদ, নদনদী, তটিনী, প্রবাহিণী, তরঙ্গিনী, শৈবালিনী, স্রোতস্বিনী, স্রোতস্বতী, নির্ঝরণী, গাঙ, সরিৎ, সমুদ্রকান্তা, সমুদ্রদয়িতা, স্রোতবহা, মন্দাকিনী, স্রোতোবহ, কল্লোলিনী।
উৎস : আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি এবং ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

10) সন্ধির নিয়মানুসারে ঈ + অ = ?

✔ 1) য্ + অ
2) য্ + আ
3) আ + য্
4) অ + য্

ব্যাখ্যা : সন্ধির নিয়মানুসারে ঈ +অ = য্ + অ
উদাহরণ : নদী + অম্বু = নদ্যম্বু।
আবার,
ঈ + আ = য্ + আ
ঈ + ই = ঈ
ঈ + ঈ = ঈ

উৎস : বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

11) ‘কোথায় এমন হরিৎক্ষেত্রে আকাশতলে মেশে। ‘ কবি ডিএল রায় প্রসঙ্গে উক্তিটি করেছেন _

1) বাংলার ঋতুবৈচিত্র্য
✔ 2) বাংলার সবুজ মাঠ
3) বাংলার সামাজিক জীবন
4) বাংলার সাম্প্রদায়িক সম্প্রীতি

ব্যাখ্যা : • "এত স্নিগ্ধ নদী কাহার, কোথায় এমন ধুম্র পাহাড়
কোথায় এমন হরিৎ ক্ষেত্র আকাশ তলে মেশে
এমন ধানের উপর ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে।"

Hello BCS

• কবিতাংশটি কবি ডি,এল.রায় এর ধন ধান্য পুষ্প ভরা কবিতার অংশবিশেষ।
কবি এখানে হরিৎ ক্ষেত্র বলতে সবুজ ধানক্ষেত বুঝিয়েছেন।
হরিৎ শব্দের অর্থ সবুজ বর্ণ।

12) ‘টেনিদা‘ যে সাহিত্যিকের কিশোরপাঠ্য লেখার কেন্দ্রীয় চরিত্র–

1) প্রেমেন্দ্র মিত্র
✔ 2) নারায়ণ গঙ্গোপাধ্যায়
3) সত্যজিৎ রায়
4) শরবিন্দু বন্দ্যোপাধ্যায়

ব্যাখ্যা : • 'টেনিদা' নারায়ণ গঙ্গোপাধ্যায়ের এক অমর সৃষ্টি।
- নারায়ণ গঙ্গোপাধ্যায়ের গ্রন্থসংখ্যা ৯৪ টি।
- টেনিদা মূলত উত্তর কলকাতার পটলডাঙায় বসবাসরত একটি স্থানীয় চরিত্র।

• নারায়ণ গঙ্গোপাধ্যায়, (১৯১৮-১৯৭০) একজন প্রাবন্ধিক, সাহিত্যিক।
- প্রকৃত নাম তারকনাথ গঙ্গোপাধ্যায়, ‘নারায়ণ’ তাঁর সাহিত্যিক ছদ্মনাম।
- নারায়ণ গঙ্গোপাধ্যায়ের সাহিত্যচর্চা শুরু হয় ছাত্রজীবনে কাব্য রচনার মধ্য দিয়ে।
- কালক্রমে তিনি গল্প, উপন্যাস, নাটক প্রভৃতি রচনা করে বিশেষ খ্যাতি অর্জন করেন।

• তাঁর রচিত কিশোরগ্রন্থ
- সপ্তকান্ড,
- অন্ধকারের আগন্তুক,
- ছোটদের শ্রেষ্ঠ গল্প (১৯৫২),
- ছুটির আকাশ,
- খুশির হাওয়া,
- ঝাউ বাংলোর রহস্য,
- পঞ্চাননের হাতি,
- পটলডাঙ্গার টেনিদা,
- গল্প বলি গল্প শোন,
- অব্যর্থ লক্ষ্যভেদ,
- টেনিদার অভিযান (১৯৪১) ইত্যাদি।

উৎস : বাংলা সাহিত্যের ইতিহাস, মাহবুবুল হক এবং বাংলাপিডিয়া।

13) ‘….. মাইকেল –রবীন্দ্রনাথ–নজরুল ইসলাম আমার মাতৃভাষা।‘ উক্তিটি ___

1) মুহম্মদ শহীদুল্লাহর
2) মুহম্মদ আবদুল হাই -এর

Hello BCS

✔ 3) মুনীর চৌধুরীর
4) মুহম্মদ এনামুল হকের

ব্যাখ্যা : • মুনীর চৌধুরী (২৭ নভেম্বর ১৯২৫ - ১৪ ডিসেম্বর ১৯৭১) ছিলেন একজন বাংলাদেশি শিক্ষাবিদ, নাট্যকার, সাহিত্য সমালোচক, ভাষাবিজ্ঞানী, বাগ্মী এবং বুদ্ধিজীবী।
".... মাইকেল -রবীন্দ্রনাথ-নজরুল ইসলাম আমার মাতৃভাষা।" উক্তিটি মুনীর চৌধুরীর ।
- মুনীর চৌধুরী বাংলা ভাষার অর্জন সম্পর্কে বলতে গিয়ে লিখেছেন- "আমার মাতৃভাষা তিব্বতের গুহাচারী, মনসার দর্পচূর্ণকারী, আরাকানের রাজসভার মণিময় অলঙ্কার, বরেন্দ্রভূমির উদাস আহ্বান, মাইকেল-রবীন্দ্রনাথ-নজরুল ইসলাম আমার মাতৃভাষা। আমার মাতৃভাষা বাংলা ভাষা।"

• কবিগুরু রবীন্দ্রনাথ মাতৃভাষার গুরুত্ব তার সাহিত্য কর্মের মধ্যে যৌক্তিক ভাবে তুলে ধরেছেন। তিনি বলেন- "আমাদের মধ্যে যাহা কিছু অমর এবং আমাদিগকে যাহা কিছু অমর করিবে, সেই সকল মহা শক্তিকে ধারণ করিবার,
পোষণ করিবার--প্রকাশ করিবার এবং সর্বত্র প্রচার করিবার একমাত্র উপায় যে মাতৃভাষা।"
• বিশিষ্ট ভাষা বিজ্ঞানী ড. মুহাম্মদ শহীদুল্লাহর বিখ্যাত উক্তি -
"মা, মাতৃভাষা, মাতৃভূমি এ তিনটি পরম শ্রদ্ধার বিষয়।"

উৎস : শীকর বাংলা প্রশ্ন-পাঠ, মোহসীনা নাজিলা।

14) 'কারকিত' শব্দের অর্থ –

1) কৃষিজমি
✔ 2) কৃষিকর্ম
3) নিষ্কর জমি
4) ভূমিজীবী

ব্যাখ্যা : কারকিত (বিশেষ্য)
- দেশি শব্দ
অর্থ :
- কর্মনৈপুণ্য - কার্যনৈপুণ্য ; কারিগরি

তবে কৃষিকর্ম বোঝাতে কারকিত শব্দটি ব্যবহৃত ।
যেমন : ধানের জমিতে যে কারকিত করিতে হয়, তার চারগুণ কারকিত নীলের জমিতে দরকার ।

উৎস : আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

15) 'ফুটপাতে ওরা সব এলিয়ে পড়ে রয়েছে। ছড়ানো খড় যেন।' সৈয়দ ওয়ালীউল্লাহ্-র 'নয়নচারা' গল্প থেকে গৃহীত উদ্ধৃতাংশটি ___ এর দৃষ্টান্ত ।

✔ 1) উৎপ্রেক্ষঋদ্ধ চিত্রকল্প
2) উপমাসঞ্জাত রূপক

Hello BCS

3) প্রতীকায়িত ব্যজস্তুতি
4) অন্যাসক্ত রুপকাভাস

ব্যাখ্যা : বাংলা একডেমি অভিধান অনুসারে,
উৎপ্রেক্ষা অর্থঃ (আলঙ্কারিক) উপমান ও উপমেয়ের অভেদ কল্পনা।
সংজ্ঞাঃ
প্রবল সাদৃশ্যহেতু উপমেয়কে যদি উপমান বলে ভুল বা সংশয় হয় তবে তাকে 'উৎপ্রেক্ষা' বলে।
- এ অলঙ্কারে যেন, বুঝি, মনে হয়, প্রায়, ইত্যাদি সম্ভাবনা বাচক শব্দের উল্লেখ থাকে।

উৎপ্রেক্ষার প্রাণবস্তু হল সংশয়,এবং এই সংশয়ে উপমানপক্ষই প্রবলতা লাভ করে। উৎপ্রেক্ষা শব্দের অর্থ হল বিতর্ক বা সংশয়। যেমন,
মুখ যেন চাঁদ'—এই বাক্যে 'মুখ উপমেয়, 'চাদ' উপমান-এখানে অতিরিক্ত সাদৃশ্যবশত মুখকে চাদ বলে সংশয় জন্মাচ্ছে। এই সংশয় মুখ এবং চাদের অভেদ-সম্পর্ক-বিষয়ে। সুতরাং উৎপ্রেক্ষায় সংশয়ের অর্থ হল অভেদ সংশয়।
মনে রাখতে হবে, সংশয় যদি একপক্ষে না হয়ে উভয় পক্ষে হয়তাহলে সেই অলংকার 'উৎপ্রেক্ষা' না হয়ে সন্দেহ হবে। যেমন, কী আশ্চর্যসুন্দর তার মুখটি—এ কি মুখ? না চাঁদ। এখানে উপমেয় [মুখ] এবং উপমান [চাঁদ] উভয়পক্ষে সংশয় রয়েছে বলে অলংকারটি 'উৎপ্রেক্ষা' নয়,সন্দেহ'। উৎপ্রেক্ষাবাচক শব্দ হল 'যেন', 'বুঝি', 'মনে হয়' ইত্যাদি এবংএই শব্দগুলির দ্বারাই সংশয় প্রকাশ পায় ।
ফুটপাতে ওরা সব এলিয়ে পড়ে রয়েছে। ছড়ানো খড় যেন।' এখানে লেখক মৃতদেহ কে আলংকরিক রূপ দিয়েছেন এবং সংশয় প্রকাশ করে বলেছেন, "খড় যেন"।
সৈয়দ ওয়ালী উল্লাহ বাংলাদেশের প্রথম বাংলাদেশি চেতনা প্রবাহরীতির উপন্যাস রচয়িতা।
উৎস : বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

16) Active form of– i was surprised to see that he had been beaten black and blue

1) i was surprised to see he had beaten black and blue
✔ 2) it surprised me to see he had been beaten black and blue
3) it was surprising he had been beaten black and blue
4) that he had been beaten black and blue was surprising

ব্যাখ্যা : -প্রদত্ত বাক্যটির independent clause 'I was surprised' - এর active voice করতে হবে আর বাকি অংশ অপরিবর্তিত থাকবে।
- এখানে main clause টি past indefinite tense এ রয়েছে। যার Active structure :
Subject (It ধরে নিতে হবে) + verb in simple past form + মূল বাক্যের Sub-এর object form.
অতএব সঠিক বাক্য : It surprised me to see that he had been beaten black and blue.
Black and Blue means To beat very badly (উত্তম-মধ্যম/মার দেওয়া)।

Hello BCS

17) Which of the following can be arranged into an English word? a. ANSLAIT B. LSNIT C.OTATM D. WQRGS __

- ✔ 1) a
- 2) c
- 3) a & d
- 4) c & d

ব্যাখ্যা : ANSLAIT শব্দকে পুনর্বিন্যাস করলে অর্থবোধক Latinas শব্দটি পাওয়া যায়, যা Latina এর বহুবচন।
Latina (Noun)
English Meaning
- a woman or girl who is a native or inhabitant of Latin America.
- a woman or girl of Latin American origin living in the U.S.

Source: Merriam-Webster Dictionary.

18) He was a king who rulled his subject with a high hand

- ✔ 1) oppressively
- 2) kindly
- 3) convencely
- 4) sympathetically

ব্যাখ্যা : A high hand (phrase)
Meaning: an oppressive or dictatorial manner.
Bengali meaning: উদ্ধতভাবে।

oppressively (adjective)
Meaning: Inflicting harsh and authoritarian treatment.
Bengali meaning: অন্যায়ভাবে বা নিষ্ঠুরভাবে শাসন করা ; অন্যায় বা নিষ্ঠুর শাসন দ্বারা দমিয়ে রাখা।

The phrase a high hand is synonymous to oppressively.
প্রদত্ত বাক্যের অর্থ : তিনি এমন একজন রাজা যিনি তার রাজ্য নিষ্ঠুরভাবে শাসন করতেন।

Bengali meaning of other words:
kindly = সদয়ভাবে।
convenient = সুবিধাজনক।
Sympathetically = সহানুভূতির সাথে।
Source: Collins Dictionary & Bangla Academy Dictionary.

Hello BCS

19) ‘Brevity is the soul of wit’ পদবন্ধটির যথাযথ বঙ্গানুবাদ ___

1) অতি অল্প হইল
✔ 2) মানিকের খানিক ভালো
3) প্রাণের কথা বুকে বাজে
4) কথা কম কাজ বেশি

ব্যাখ্যা : Brevity is the soul of wit = মানিকের খানিক ভালো । অর্থাৎ, সংক্ষিপ্ততা হচ্ছে বুদ্ধিমত্তার আত্মা। এর দ্বারা বুঝায়, বুদ্ধিমান লোকজন খুব অল্প কথায় অনেক বুদ্ধিদীপ্ত কথা প্রকাশ করতে পারে।

20) The idoms 'at ones wits end' is synonymous to the word

✔ 1) preplexed
2) clear up
3) explain
4) enlighten

ব্যাখ্যা : Be at one's wits' end (phrase)
Meaning: Be overwhelmed with difficulties and at a loss as to what to do next. Bengali meaning: হতভম্ব ; ভ্যাবাচাকা ।

Perplexed (adjective)
Meaning: Completely baffled; very puzzled.
Bengali meaning: হতবুদ্ধি ।
অর্থাৎ, The idiom 'at one's wit’s end' is synonymous to Perplexed.
Bengali meaning of other words.
Clear up = পরিষ্কার হওয়া।
Explain = ব্যাখ্যা করা ; বোধগম্য করা ; অর্থ পরিষ্কার করা ।
Enlighten = জ্ঞানদান করা ; অজ্ঞতা, ভুল বোঝাবুঝি অথবা মিথ্যা বিশ্বাসসমূহ দূর করা ।

Source: Oxford Dictionary & Bangla Academy Dictionary.

21) Choose the correct spelling .

1) Entrepreneur
✔ 2) Entrepreneur
3) Enterpreneur
4) Entrepreneure

ব্যাখ্যা : Entrepreneur (noun)
Meaning: A person who sets up a business or businesses, taking on financial risks in the hope of profit. Bengali meaning: উদ্যোক্তা ।

Hello BCS

Example: Students are invited to come and hear what it takes to become a successful young entrepreneur.

Source: Oxford Dictionary & Bangla Academy Dictionary.

22) Think of one word only which can be used appropriately in all three sentences. i) The employment crisis is _______ that it is affecting 25% people. ii) _________ torrential rain is rare in this part of the world. iii) I didn't have a problem with the new manager's ideas as _______, but I disliked some of his mannerisms.

- ✔ 1) such
- 2) so
- 3) high
- 4) much

ব্যাখ্যা : i) নং বাক্যের Such that অর্থ এমন .... যে i) নং বাক্যে বলা হচ্ছে যে, কর্মসংস্থান সমস্যা এমন একটি সমস্যা যে এটি 25% লোককে প্রভাবিত করছে।
ii) নং বাক্যের Such অর্থ এরকম ; এ জাতীয় ; এ ধরণের ।
এতে বলা হচ্ছে যে, পৃথিবীর এই অংশে এরকম মুষলধারে বৃষ্টি খুবই বিরল।

iii) নং বাক্যের As such অর্থ প্রকৃত/সত্যিকার অর্থে বা সেই অর্থে।
যেমন : He did not deride poetry as such but only what passes for it.
বাক্যের অর্থ : আসলে নতুন ম্যানেজারের সাথে আমার কোন ঝামেলা নেই কিন্তু আমি তার কিছু অভ্যাস অপছন্দ করি।

23) The antonoym of ‘inspid’ is–

- 1) brave
- ✔ 2) exciting
- 3) cold
- 4) dull

ব্যাখ্যা : Insipid (adjective):
Meaning: Lacking vigour or interest.
Bengali meaning: বিরস ; নীরস ; অরসিক ; বিস্বাদ ; অস্বাদু ।

Synonym: uninteresting, boring, vapid, dull, spiritless, zestless. Antonym: interesting, exciting.

Source : Oxford Dictionary & Bangla Academy Dictionary.

Hello BCS

24) Indirect speech of ‘ are you alone ,my son?asked a soft voice close behind me

1) what i was doing there alone was asked by a soft voice
2) a soft voice told me as his son and asked weather i was alone
3) soft voice from by behind asked me if i was alone
✔ 4) addressing me as his son a soft voice asked if i was alone

ব্যাখ্যা : Direct speech এ My son দ্বারা সম্বোধন করা বোঝানোর কারণে Addressing me as his son ব্যবহৃত হবে। তাই সঠিক indirect speech: Addressing me as his son a soft voice asked if I was alone. (এখানে if - 'কি না' অর্থে ব্যবহৃত হয়েছে।

25) A feeling of anticipation over a future event

1) disparate
2) magnanimous
✔ 3) presentiment
4) incongruent

ব্যাখ্যা : Presentiment (noun)
Meaning: An intuitive feeling about the future, especially one of foreboding
Bengali meaning: কিছু ঘটতে যাচ্ছে বলে অস্পষ্ট অনুভূতি ; পূর্ববোধ ; অগ্রবোধ ; পূর্বানুভূতি।

Bengali meaning of other words:
Disparate = অসদৃশ ; অসম ; গুণ বা পরিমাণে তুলনীয় নয় এমন ।
Magnanimous = প্রত্যাঘাত ।
Incongruent = সঙ্গতিহীন ; বেখাপ্পা ।

Source: Oxford Dictionary & Bangla Academy Dictionary.

26) He escaped by ____________.

1) The hair's breadth
2) The breadth of a hair
✔ 3) A hair's breadth
4) A breadth of a hair

ব্যাখ্যা : Hair's breadth (idiom)
Meaning: a very small distance or amount
Bangla meaning: চুল পরিমাণ ব্যবধান ; কোনোমতে বা অল্পের জন্য রক্ষা।

Escaped by a hair's breadth বা এটাকে A hair breadth escape লেখা যায় যার অর্থ অল্পের জন্য রক্ষা পাওয়া।

27) the synoym of 'sanguine' is–

✔ 1) optimistic
2) restless
3) hopeless
4) bloody

ব্যাখ্যা : Sanguine (adjective):
Meaning: Optimistic or positive, especially in an apparently bad or difficult situation.
Bengali meaning:আশাবাদী ।

Synonym: optimistic, bullish, hopeful, buoyant, positive.
Antotyn: pessimistic, gloomy.
Source : Oxford Dictionary & Bangla Academy Dictionary.

28) Match 'words' to their dictionary 'definitions'. The state of having contradictory of conflicting emotional attitudes -

✔ 1) ambivalence
2) exigency
3) reprisals
4) contraint

ব্যাখ্যা : Ambivalence (noun)
Meaning: The state of having mixed feelings or contradictory ideas about something or someone. Bengali meaning: পরস্পরের বিপরীত বা সদৃশ দুটি মূল্য, অর্থ ইত্যাদির যেকোনো একটি বা উভয়টি বিদ্যমান এমন ।
Bengali meaning of other words:
Exigency = জরুরি অবস্থা।
Reprisal = প্রত্যাঘাত ।
Constraint = চাপ ; সীমাবদ্ধতা ।

Source: Oxford Dictionary & Bangla Academy Dictionary.

Hello BCS

29) Pyong Yang and Washington have finally come to a consensus.’this is an exampul of–

1) metaphor
✔ 2) metonym
3) euphemism
4) dysphemism

ব্যাখ্যা : Metonym
A word, name, or expression used as a substitute for something else with which it is closely associated. বাক্যের অর্থ : পিয়ং ইয়াং এবং ওয়াশিংটন অবশেষে ঐক্যমত্যে পৌঁছেছে।
এখানে মূলত পিয়ং ইয়াং ও ওয়াশিংটন দিয়ে যুক্তরাষ্ট্র ও উত্তর কোরিয়াকে বোঝানো হয়েছে।
• Metaphor - a figure of speech in which a word or phrase is applied to an object or action to which it is not literally applicable.
• Euphemism - a mild or indirect word or expression substituted for one considered to be too harsh or blunt when referring to something unpleasant or embarrassing.
• Dysphemism - a derogatory or unpleasant term used instead of a pleasant or neutral one.

Source: Oxford Dictionary & Bangla Academy Dictionary.

30) The Asylum: Shelter then–

1) Hospice:Exile
2) Harbour:Concealment
✔ 3) Stronghold:Defence
4) Palisade:Display

ব্যাখ্যা : The Bengali meaning of question words:
Asylum: আশ্রয় ; নিরাপত্তা ।
Shelter: নিরাপদ আশ্রয় ; শরণ ।

The bengali meaning words in options:
ক)Hospice: সরাই ; পান্থনিবাস ।
Exile: নির্বাসন ।
খ)Harbour: পোতাশ্রয় ।
Concealment: গুপ্তকরণ ; লুক্কায়ন।
গ)Stronghold: দূর্গ ; কুঠি।
Defense: প্রতিরোধ করা ।

Hello BCS

ঘ)Palisade: বেড়া ।
Display: প্রদর্শন করা ।
Logic in Answer:
Asylum এ Shelter দেয়া হয় ।
আর Stronghold এর মাধ্যমে কাউকে Defense করা হয় ।
তাই সঠিক উত্তর : গ) Stronghold : Defense
Source : Bangla Academy Dictionary

31) We were at a disadvantage–that we did not had a very good knowledge of the language the others were using—

- 1) by
- ✔ 2) in
- 3) with
- 4) for

ব্যাখ্যা : Be at a Disadvantage এরপর 'to' কিংবা 'in' বসে যার অর্থ বিপাকে থাকা, অসুবিধায় পড়া।
তাই সঠিক উত্তর হবে- খ) in

বাক্যের অর্থ : অন্য লোক জনেরা যে ভাষায় ব্যবহার করেছিল সেই ভাষা সম্পর্কে ভালো ধারণা না থাকায় আমরা বিপাকে পড়েছিলাম।

32) If you can win his attention—for you

- 1) the so much better
- 2) the better so much
- ✔ 3) so much the better
- 4) so much for better

ব্যাখ্যা : So much the better (phrase)
Meaning: that is even better.
- used to say that a particular action or situation would be even more successful

বাক্যের অর্থঃ তুমি যদি তার মনোযোগ আকর্ষণ করতে পার, তবে এটা তোমার জন্য মঙ্গলজনক ।
Source: Oxford and Cambridge Dictionary

33) Translet to english: তার কোনো জোরালো রাজনৈতিক আদর্শ নেই —

- ✔ 1) he has no political axe to grind
- 2) he has no political will to move on.
- 3) he has no political idol to follow

4) he has no strong political stand to speak up

ব্যাখ্যা : Have an axe to grind (phrase)
Meaning: Have a private reason for doing or being involved in something.
Bengali Meaning: ব্যক্তিস্বার্থ থাকা।
এক্ষেত্রে জোড়ালো রাজনৈতিক আদর্শ না থাকা অর্থে
He has no political axe to grind বসবে ।

Source: Oxford Dictionary & Bangla Academy Dictionary.

34) The sum of 3 consecutive integers is less than 75. what is the greatest possible value of the smallest one?

1) 16
2) 19
3) 22
✔ 4) 23

ব্যাখ্যা : ধরি,
সংখ্যা তিনটি যথাক্রমে $x, x + 1, x + 2$

প্রশ্নমতে,
$x + 2 + x + x + 1 < 75$
$3x + 3 < 75$
$3x + 3 - 3 < 75 - 3$
$3x < 72$
$x/3 < 72/3$
$x < 24$

ছোট সংখ্যাটি = (24 - 1) = 23

35) If $y/x=3/7$ and $x + 2y =13$ then y is

1) 2
✔ 2) 3
3) 4
4) 7

ব্যাখ্যা : দেয়া আছে,
$=>y/x = 3/7$
$=>3x = 7y$
$=>x = 7y/3$

Hello BCS

আবার,
=>x + 2y =13
=>(7y/3) + 2y = 13
=>(7y + 6y)/3 = 13
=>13y/3 = 13
=>y/3 = 1
=>y = 3

36) If $x = y^a$, $y = z^b$ and $z = x^c$ then abc is

✔ 1) 1
2) 0
3) 12
4) infinity

ব্যাখ্যা :

দেয়া আছে
$x = y^a$, $y = z^b$ এবং $z = x^c$

এখন
$z = x^c$
$\Rightarrow x^c = z$
$\Rightarrow (y^a)^c = z$
$\Rightarrow y^{ac} = z$
$\Rightarrow (z^b)^{ac} = z$
$\Rightarrow z^{abc} = z$
$\Rightarrow z^{abc} = z^1$
$\Rightarrow abc = 1$

37) what does make ‘you’ young’?

✔ 1) Adding 2 velars
2) Drinking energy beverage
3) Eating sweet fruits
4) changing outfits

ব্যাখ্যা : You + ng = Young
So, adding 2 letters you become young.

38) Fill in the gap –— make esier to find visited web pages later.

1) placersholder
✔ 2) bookmarks
3) ULRs

Hello BCS

4) add-ons

ব্যাখ্যা : Bookmarks make easier to find visited web pages later.
Using a World Wide Web browser, a bookmark is a saved link to a Web page that has been added to a list of saved links. When you are looking at a particular Web site or home page and want to be able to quickly get back to it later, you can create a bookmark for it.

39) panmunjom declaraton is a peace treaty signed between

✔ 1) north and south korea
2) usa and north korea
3) usa and vietnam
4) chaina and japan

ব্যাখ্যা : - দুই কোরিয়ার সীমান্তবর্তী গ্রাম পানমুনজন।
- এই স্থানে ঐতিহাসিক বৈঠকে কিম জং উন এবং মুন জে ইন ঘোষণা দেন আর নয় যুদ্ধ।
- দুই কোরিয়ার দুই নেতা কোরিয়া যুদ্ধ সমাপ্তির ঘোষণা দেন।
- সম্মেলন শেষে কিম এবং মুন ‘কোরিয় উপদ্বীপে শান্তি, সমৃদ্ধ এবং একত্রিভূতকরণ সংক্রান্ত পানমুনজম যৌথ ঘোষণা’য় স্বাক্ষর করেন।
Kim Jong Un, Chairman of the State Affairs Commission of the Democratic People’s Republic of Korea and Moon Jae-in,
President of the Republic of Korea, reflecting the unanimous aspiration of all the Koreans for peace, prosperity and reunification,
held the Inter-Korean Summit Meeting at the “Peace House” at Panmunjomon 27 April, 2018 at the significant period of historic turn being made on the Korean peninsula.

Source: www.mofa.go.kr

40) How many global goals have been included in Sustainable Development Goals (SDGs)?

1) 15
2) 16
✔ 3) 17
4) 18

ব্যাখ্যা : টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অফিসিয়াল নাম হলো Transforming our world. ২০৩০ সালের মধ্যে এই লক্ষ্য ও লক্ষ্যমাত্রাগুলি পূরণের অঙ্গীকার নিয়ে জাতিসংঘভুক্ত, 193 টি দেশ The Sustainable Development Goals (SDGs) এর এই চুক্তিতে স্বাক্ষর করে। উল্লেখ্য SDGs এর বৈশ্বিক লক্ষ্য 17 টি এবং লক্ষ্যমাত্রা 169 টি।

Hello BCS

41) In 2018 womens t-20 asia cup final, who was awarded the title player of the match?

✔ 1) rumana
2) salma
3) jahan ara
4) panna

ব্যাখ্যা : এশিয়া কাপ নারী টি - টুয়েন্টি ২০১৮ ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় বাংলাদেশ ও ভারতের মধ্যে। এ ম্যাচে বাংলাদেশ ভারতকে তিন উইকেটে হারিয়ে প্রথম কোনো আন্তর্জাতিক শিরোপা জয়ের স্বাদ গ্রহণ করে। এ ম্যাচে অনবদ্য পারফরম্যান্সের জন্য ম্যান অব দ্য ম্যাচ হওয়ার গৌরব অর্জন করেন রুমানা আহমেদ (বাংলাদেশ)।

42) Office LANs which are scattered geographically on large scale can be connected by the use of corporate -

1) CAN
2) WLAN
✔ 3) WAN
4) CLWN

ব্যাখ্যা : যে নেটওয়ার্ক এর মাধ্যমে পৃথিবীর বিভিন্ন জায়গায় ছড়িয়ে থাকা অসংখ্য কম্পিউটার বা নেটওয়ার্কগুলি পরস্পর সঙ্গে যোগাযোগ স্থাপন করে তথ্য আদান প্রদান করে তাকে ওয়াইড এরিয়া নেটওয়ার্ক (WAN) বলে।
- WAN এর পূর্ণরূপ- Wide Are Network ।
- এই ধরনের নেটওয়ার্কে টেলিফোন, স্যাটেলাইট, মাইক্রোওয়েভ, মডেম, বেতার তরঙ্গ ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ব্যবহার করা হয়।
- তথ্য আদান প্রদানের জন্যে এই ধরনের নেটওয়ার্ক বেশি ব্যবহৃত হয়।
- ওয়াইড এরিয়া নেটওয়ার্ক (WAN) এর দ্বারা উন্নত মানের ক্লাউড কম্পিউটিং ব্যবহার করা যায়।
- বিভিন্ন তথ্য, পত্র-পত্রিকা, বই, চলচ্চিত্র প্রভৃতি সংগ্রহ ও ব্যবহার করা যায়।

সূত্র- Indiana University Website

43) The next number of the sequence is __ 4,3,9,3,19,3 ....

1) 31
2) 32
✔ 3) 39
4) 49

ব্যাখ্যা : এখানে
২য় বর্ণ সিরিজ : 3, 3, 3, 3,.........
১ম বর্ণ সিরিজ : 4, 9,19,.........
$4 \times 2 + 1 = 9$

Hello BCS

9 × 2 + 1 = 19
19 × 2 + 1 =39

44) The asian team defeated a lathin america team for the first time in the history of fifa world cup is

1) saudi arabia
2) south koria
3) uae
✔ 4) japan

ব্যাখ্যা : G-7 (Group of Seven) হলো বিশ্বের শিল্পোন্নত সাতটি দেশের সরকার/রাষ্ট্র প্রধানদের অর্থনৈতিক ফোরাম যা ১৯৭৫ সালে গঠিত হয়।
G-7 এর দেশগুলো হলো :
- যুক্তরাষ্ট্র
- যুক্তরাজ্য
- ফ্রান্স
- জার্মানি
- ইতালি
- কানাডা ও
- জাপান (একমাত্র এশীয়)।

২০১৪ সালের পূর্বে রাশিয়া এর সদস্য ছিলো। তখন এর নাম ছিলো G-8।
৪৭তম G-7 শীর্ষ সম্মেলন ১১-১৩ জুন ২০২১ যুক্তরাজ্যের কর্নওয়ালে অনুষ্ঠিত হয়।

(তথ্যসূত্র : g7uk ওয়েবসাইট)

Hello BCS

45) The slope of the line perpendicular to the line y = -5x+9 is-

1) -5
2) -1/5
✔ 3) 1/5
4) 5

ব্যাখ্যা : Since y = mx+c
Here slope m = -5
এখন perpendicular বা লম্ব রেখার Slope বের করার নিয়ম হলো slope এর বিপরীত ভগ্নাংশ বের করে ঋণাত্মক মান দিয়ে গুণ করা।
So, line perpendicular will have slope m = - 1/m = - (-1/-5) = 1/5

46) Budget deficit(%of gdp) stands at FY 2018-19 of bangladesh is–

1) 3.9
✔ 2) 4.9
3) 5.9
4) 6.3

ব্যাখ্যা : - বাংলাদেশের ২০২২-২৩ অর্থ বছরের বাজেট ৫১তম (অন্তবর্তীকালীনসহ ৫২তম)।
- বাজেটের আকার ৬ লক্ষ ৭৮ হাজার ৬৪ কোটি টাকা।
- বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ২ লাখ ৪৬ হাজার ৬৬ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
- বাজেটে জিডিপি প্রবৃদ্ধি ধরা হয়েছে ৭.৫%।
- বাজেটে মূল্যস্ফীতি ধরা হয়েছে ৫.৬%।
- সবচেয়ে বেশি বরাদ্দ জনপ্রশাসন খাতে যা বাজেটের ১৯.৯%।
- ২০২২-২৩ অর্থবছরের বাজেটে সাধারণ করমুক্ত আয়সীমা - ৩ লাখ টাকা।

উৎস : অর্থবিভাগের ওয়েবসাইট।

47) In a series of 6 consecutive odd numbers if 15 is the 6th number, what is the 4th number in the series?

1) 7
2) 9
✔ 3) 11
4) 13

ব্যাখ্যা : ৬ষ্ঠ বিজোড় সংখ্যা = 15
৫ম বিজোড় সংখ্যা = 13
৪র্থ বিজোড় সংখ্যা = 11
৩য় বিজোড় সংখ্যা = 9
২য় বিজোড় সংখ্যা = 7
১ম বিজোড় সংখ্যা = 5

48) Which of the following is the regulator of capital market in bangladesh

✔ 1) BSEC
2) DSE
3) Bangladesh Bank
4) ICB

ব্যাখ্যা : - বাংলাদেশে শেয়ার বাজারের নিয়ন্ত্রক সংস্থা হলো BSEC (Bangladesh Securities Exchange Commission)।
- এটি ১৯৯৩ সালের ৮ জুন প্রতিষ্ঠিত হয়।

Hello BCS

- এর বর্তমান চেয়ারম্যান প্রফেসর ড. শিবলী রুবায়েত উল ইসলাম।
- BSEC এর অধীন বাংলাদেশে স্টক এক্সচেঞ্জের সংখ্যা দুটো। এগুলো হলো :
- DSE (Dhaka Stock Exchange)
- CSE (Chittagong Stock Exchange)।

(তথ্যসূত্রঃ BSEC ওয়েবসাইট)

49) Special Drawing Right (SDR) is reletated to–

✔ 1) IMF
2) IDB
3) ACD
4) HSBC

ব্যাখ্যা : - Special Drawing Rights (SDR) - একটি সংগৃহীত ও পরিপূরক বৈদেশিক বিনিময় মুদ্রা ব্যবস্থা যা IMF কর্তৃক প্রবর্তিত ও নিয়ন্ত্রিত।
- ১৯৬৯ সালে আইএমএফ SDR প্রবর্তন করে।
- বর্তমানে ৫টি SDR হচ্ছে - মার্কিন ডলার, ইউরো, ব্রিটিশ পাউন্ড (স্টারলিং), চীনা ইউয়ান ও জাপানি ইয়েন।

উৎসঃ IMF

50) A train 240 m long passed a pole in 24 seconds . How long will it take to pass a platform 650 m long ? __

1) 65s
✔ 2) 89S
3) 100s
4) 130s

ব্যাখ্যা : ট্রেনটির মোট দূরত্ব অতিক্রম করতে হবে = (240 + 650) মিটার = 890 মিটার
ট্রেনটি 240 মিটার অতিক্রম করতে সময় নেয় = 24 সেকেন্ড
ট্রেনটি1 মিটার অতিক্রম করতে সময় নেয় = 24/240 সেকেন্ড
ট্রেনটি 890 মিটার অতিক্রম করতে সময় নেয় = (24 × 890)/240 সেকেন্ড
= 89 সেকেন্ড

51) If a , b and c are the lengths of the three sides of a triangle , then which of the following is true?

1) a + b < c
✔ 2) a - b < c
3) a + b = c

Hello BCS

4) a + b ≥ c

ব্যাখ্যা : আমরা জানি ,
ত্রিভুজের যেকোনো দুই বাহুর বিয়োগফল তৃতীয় বাহু অপেক্ষা ছোট হবে।
a, b এবং c ত্রিভুজের তিনটি বাহু হলে a - b < c হবে

52) If a pole 6 m high casts a shadow 23 m long on the ground , then the elevation of the sun is –

✔ 1) 60°
2) 45°
3) 30°
4) 90°

ব্যাখ্যা :

Given height of pole =6m

length of shadow $=2\sqrt{3}$m

Let 'θ ' be elevation. of sum then

$\tan\theta = \frac{AB}{BC} = \frac{6}{2\sqrt{3}}$

$\tan\theta = \sqrt{3}$

$\tan\theta = \tan\frac{\pi}{3}$

then $\theta = \frac{\pi}{3}$

∴ Angle of elevation of sum is 60°.

Hello BCS

53) The difference between two numbers is 5 and the difference between their squares is 65. What is the larger number?

1) 13
2) 11
3) 8
✔ 4) 9

ব্যাখ্যা : ধরি,
বৃহত্তম সংখ্যাটি = x
ক্ষুদ্রতম সংখ্যাটি = y

প্রশ্নমতে,
x - y = 5 ....(1)

x2 - y2 = 65 ....(2)

(2)নং সমীকরণ হতে পাই,
x2 - y2 = 65
(x + y)(x - y) = 65
(x + y) × 5 = 65
x + y = 13.................(3)

(1) + (3)⇒
x - y + x + y = 5 + 13
2x = 18
x = 9

54) Which device may be used for primary input of OCR?

1) Plotter
2) Keyboard
✔ 3) Scanner
4) Printer

ব্যাখ্যা : Scanner অনেকটা ফটোকপি মেশিনের মতো। এর মাধ্যমে যে কোন লেখা, ছবি, ড্রয়িং অবজেক্ট ইত্যাদি স্ক্যান করে কম্পিউটারে ডিজিটাল ইমেজ হিসেবে কনভার্ট করা যায়। পরবর্তীতে বিভিন্ন সফটওয়্যার যেমনঃ Adobe Photoshop এর মাধ্যমে ডিজিটাল ইমেজকে খুশিমতো এডিট করা যায়।

55) Which of following is not virus

1) worms
✔ 2) adware
3) trojon horse
4) malware

Hello BCS

ব্যাখ্যা : - Adware হলো কম্পিউটারের একটি সফটওয়্যার সমর্থিত কিছু অনলাইন বিজ্ঞাপন।
- ইহা একটি ফ্রি সফটওয়্যার এবং এর ভিতর কিছু বিজ্ঞাপন বসিয়ে ডেভেলপাররা অর্থ উপার্জন করতে পারেন।
- Adware এমন একটি প্রগ্রাম যা স্বয়ংক্রিয় ভাবে বিজ্ঞাপন প্রদর্শন করে।
- Adware ব্যাবহার করে তিনটি উপায়ে বিজ্ঞাপন প্রদর্শন করানো যায়।

যথা-
Pay-per-click (PPC)
Pay-per-view (PPV)
Pay-per-install (PPI)

সূত্র- kaspersky website

56) Which country does not belong to G-7?

✔ 1) Russia
2) Germany
3) Italy
4) Japan

ব্যাখ্যা : G-7 সদস্যভূক্ত দেশগুলো হলোঃ কানাডা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, ইতালি এবং জাপান ।

57) The device used for both input and output purposes is

1) Mouse
2) Stylus
✔ 3) Touch screen
4) Printer

ব্যাখ্যা : কম্পিউটারে ব্যবহারের জন্য এখন এমন কিছু Device আছে যাকে Input – Output (ইনপুট-আউটপুট) উভয় পর্যায়ভুক্ত করা যায় ।
Input-Output device — Printer - Scanner,Camera, VCR,VCP,VTR,TV,Tape Racorder, Modem Touch Screen

58) A football team is to be consisted out of 14 boys . In how many ways the team can be chosen so that the owner of the ball is always in the team?

1) 135
2) 143
3) 169
✔ 4) 286

Hello BCS

ব্যাখ্যা : 14 জনের দল থেকে 1জন ঠিক রেখে বাকি 13জন থেকে (11 - 1) = 10 জনের টিম গঠন করা যাবে = $13C_{10}$ =286

59) Shonghoti and Shouhardo Clubs consist of 200 and 270 members respectively. If the total member of the two clubs is 420 then how many members belong to both clubs?

1) 60
2) 40
✔ 3) 50
4) 70

ব্যাখ্যা : ধরি
n(A) = 200 , n(B) =270 এবং n(A ∪ B) = 420

আমরা জানি
n(A ∪ B) = n(A) + n(B) - n(A ∩ B)
n(A ∩ B) = n(A) + n(B) - n(A ∪ B)
= 200 + 270 - 420
= 470 - 420
= 50

60) If 1 + sin θ =x cos θ , then tan θ is __

1) $(x^2+1)/x$
2) $(x^2-1)/x$
3) $(x^2+1)/2x$
✔ 4) $(x^2-1)/2x$

Hello BCS

ব্যাখ্যা :

দেয়া আছে
$1+\sin\theta = x\cos\theta$
বা, $(1+\sin\theta)/\cos\theta = x$
বা, $1/\cos\theta + \sin\theta/\cos\theta = x$
বা, $\sec\theta + \tan\theta = x$...............(i)

আমরা জানি
$(\sec\theta + \tan\theta)(\sec\theta - \tan\theta) = 1$
বা, $x(\sec\theta - \tan\theta) = 1$
বা, $\sec\theta - \tan\theta = 1/x$.................(ii)

(i) - (ii) ⇒
$\sec\theta + \tan\theta - (\sec\theta - \tan\theta) = x - 1/x$
বা, $\sec\theta + \tan\theta - \sec\theta + \tan\theta = (x^2 - 1)/x$
বা, $2\tan\theta = (x^2 - 1)/x$
$\tan\theta = (x^2 - 1)/2x$

61) OTG-cable is not releted to

1) smart phone
2) camcorder
3) dsl
✔ 4) processor

ব্যাখ্যা : OTG ক্যাবলের সাথে প্রসেসরের কোন সম্পর্ক থাকে না।
- OTG এর পূর্ণরূপ- On The Go. - OTG ক্যাবলের সাহায্যে একটি ডিভাইস থেকে অন্য আরেকটি ডিভাইসে তথ্য খুব সহজে আদান-প্রদান করা যায়।
- OTG ক্যাবলের মাধ্যমে খুব সহজেই পাওয়ার ব্যাংকের মাধ্যমে চার্জ স্মার্টফোন চার্জ দেয়া যায়।
- বর্তমান স্মার্টফোনে OTG ক্যাবল ব্যবহার করে প্রিন্টার থেকে যে কোন ডকুমেন্ট প্রিন্ট করা যায়।

সূত্র : Samsung Website

62) In the address bar, first page of a website is termed as–

✔ 1) homepage
2) index
3) title page
4) bookmark

ব্যাখ্যা : ওয়েবসাইটের প্রথম পেজটিকে হোমপেজ বলা হয়।
- হোম পেজের মাধ্যমেই সাধারণত ইন্টারনেট ব্যাবহারকারীরা একটি ওয়েবসাইট সম্পর্কে প্রাথমিক ধারণা পায়। - ওয়েবসাইটের হোমপেজে অধীনে একাধিক পেজ থাকে এবং সব পেজের তালিকা ইনডেক্স আকারে হোমপেজের মধ্যে প্রদর্শিত থাকে।
- মূলত হোম পেইজ হচ্ছে এক ধরনের ইনডেক্স বা সূচি।

Hello BCS

- এর মাধ্যমে ওয়েবে তথ্য পাবলিশ করা হয় এবং হোম পেইজটিই হচ্ছে ওয়েবে প্রবেশের মূল প্লাটফর্ম।
- হোম পেজের সাথে মূলধারার পেজের লিঙ্ক দেয়া থাকে।

সূত্র- Wix Website

63) What is the probability that an integer selected at random from those between 10 and 100 inclusive is a multiple of 5 or 9?

1) 27/89
2) 90/91
✔ 3) 27/91
4) 23/89

ব্যাখ্যা : 10 থেকে 100 এর মধ্যে 5 এর গুণিতক সংখ্যা গুলো হলো : 10, 15, 20, 25, 30, 35, 40, 45, 50, 55, 60, 65, 70, 75, 80, 85, 90, 95, 100 = ১৯টি

10 থেকে 100 এর মধ্যে 9 এর গুণিতক সংখ্যা গুলো হলো : 18, 27, 36, 45, 54, 63, 72, 81, 90, 99 = 10টি মোট গুণিতক = (19 + 10)টি = 29

45 ও 90 উভয়ের গুণিতক।
মোট অনুকূল ফলাফল = 29 - 2 = 27

10 থেকে 100 এর মধ্যে মোট সংখ্যা = 91টি

নির্ণেয় সম্ভাবনা = 27/91

64) If 21215120 represents ‘bloat ‘ then 6121135 represents:

1) voice
2) bald
✔ 3) flame
4) castle

ব্যাখ্যা : এখানে,
b = 2, l = 12, o = 15, a = 1, t = 20
আবার,
6 = f, 12 = l, 1 = a, 13 = m, 5 = e
⸫6121135 = flame

65) In 2018-19 budget of bangladesh, forecast of private investment is

1) 10.35% of gdp

Hello BCS

2) 15.25% of gdp
3) 20.45% of gdp
✔ 4) 20.15%of gdp

ব্যাখ্যা : On June 07, Finance Minister AMA Muhith presented the budget for the fiscal year 2018-19. The minister assured the nation that the country is firmly on course to a higher economic growth achieving 7.8 per cent gross domestic product (GDP) growth during the coming fiscal year. The benefits of growth have also been assured to reach the poor and vulnerable sections of the population among other beneficiaries of growth in the country. He even alluded to the vision of a happy and prosperous future for the country to be achieved by 2041.

66) The one – third of the complementary angle to 60° is __

1) 150°
2) 100°
3) 40°
✔ 4) 10°

ব্যাখ্যা : 60° এর পূরক কোণ = 90° - 60° = 30°
30° এর 1/3 = 10°

67) If 1 -3x ≤ 4, then __

1) x≤-2
2) x≥-2
3) x≤-1
✔ 4) x≥-1

ব্যাখ্যা : দেয়া আছে,
1 - 3x ≤ 4
বা,1 - 3x - 1 ≤ 4 - 1
বা,- 3x ≤ 3
বা,- 3x/3 ≤ 3/3
বা,- x ≤ 1
বা,(- x) (- 1) ≥ 1(- 1)
x ≥ - 1

Hello BCS

68) The area of a rhombus is 96 sq. cm and the length of one of the diagonals is 16 cm. The length of the other diagonal is __

1) 18
✔ 2) 12
3) 9
4) 6

ব্যাখ্যা : দেওয়া আছে,
রম্বসের ক্ষেত্রফল 96 বর্গ সে.মি.
রম্বসের একটি কর্ণ 16 সে.মি.

ধরি,
রম্বসটির অপর কর্ণের দৈর্ঘ্য d

আমরা জানি,
রম্বসের ক্ষেত্রফল = 1/2 × কর্ণদ্বয়ের গুণফল
96 = (1/2) × 16 × d
d = (96 × 2)/16
d = 12

69) which of the following organization of World Bank is known as 'soft loan window'?

1) IBRD
✔ 2) IDA
3) IFC
4) MIGA

ব্যাখ্যা : - IDA (International Development Association) বিশ্বব্যাংক গ্রুপের একটি প্রতিষ্ঠান।
- এটি ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমান সদস্য সংখ্যা ১৭৩টি।
- যেসব দেশ IBRD থেকে ঋণ পায় না, IDA তাদের সহজ শর্তে ঋণ প্রদান করে। এজন্যে এটি Soft Loan Window নামে পরিচিত।
- বাংলাদেশ IDA থেকে সবচেয়ে বেশি সাহায্য পায়। বাংলাদেশ ১৯৭২ সালের ১৭ আগস্ট IDA এর সদস্যপদ লাভ করে।

(সূত্রঃ IDA ওয়েবসাইট)

70) Awami mulim league was funded in–

✔ 1) rose garden
2) rup mohol cinema hall

Hello BCS

3) ahsan manjil
4) madhur canteen

ব্যাখ্যা : ১৯৪৯ সালের ২৩ জুন ঢাকার কে.এম দাস লেনের রোজ গার্ডেনে হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও আবুল হাশিমের নেতৃত্বাধীন বঙ্গীয় প্রাদেশিক মুসলিম লীগের একটি অংশের নেতা-কর্মীদের কনভেনশনে আওয়ামী লীগ প্রতিষ্ঠিত হয়।
- নতুন এই দলের নামকরণ হয় পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ।
- মওলানা আবদুল হামিদ খান ভাসানীকে সভাপতি, আতাউর রহমান খান, শওকত হোসেন ও আলী আহমদ খানকে সহ-সভাপতি, শামসুল হককে সাধারণ সম্পাদক, শেখ মুজিবুর রহমান (তখন কারাবন্দি), খোন্দকার মোশতাক আহমদ ও এ.কে রফিকুল হোসেনকে যুগ্ম-সম্পাদক, এবং ইয়ার মোহাম্মদ খানকে কোষাধ্যক্ষ করে আওয়ামী লীগ গঠিত হয়।
- ১৯৫৫ সালের ২১-২৩ অক্টোবরের তৃতীয় কাউন্সিল সভায় ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গির অধিকারী হিসেবে দলের নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেয়া হয়।
- ১৯৪৮ সালের ৪ঠা জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলের অ্যাসেম্বলি হলে প্রতিষ্ঠিত হয় পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ।
উৎস : বাংলাপিডিয়া।

71) The official match ball used by fifa in world cup 2018 is–

1) tiento 18
✔ 2) telestar 18
3) tricolore 18
4) tango 18

ব্যাখ্যা : তৎকালীন সাম্প্রতিক প্রশ্ন, তাই তা বাতিল করে দেওয়া হয়েছে।
- ২১ নভেম্বর-১৮ ডিসেম্বর ২০২২ কাতারের ৫টি শহরের মোট ৮টি ভেন্যুতে অনুষ্ঠিত হতে যাচ্ছে বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর।
- ৩০ মার্চ ২০২২ সালে উন্মোচন করা কাতার বিশ্বকাপের অফিসিয়াল ম্যাচ বলের নাম আল রিহলা (Al Rihla)।
- ইবনে বতুতার ভ্রমণ আর জীবনের গল্প নিয়ে যে বই লেখা, তার নামে বলটার নাম - আল রিহলা।
- আরবি ভাষার 'আল রিহলা'র বাংলা অর্থ 'যাত্রা' বা 'ভ্রমণ'।

72) What will be the difference in taka between simple and compound interest at 10% on a sum of Tk. 1,000 after 4 years?

1) 31.90
2) 32.10
3) 44.90
✔ 4) 64.10

ব্যাখ্যা : দেওয়া আছে,
মূলধন, P = 1000 টাকা

Hello BCS

সময়, $n = 4$ বছর

সুদের হার, $r = 10/100$

আমরা জানি

সরল মুনাফা,

$I = Pnr$

$= 1000 \times 4 \times 10/100 = 400$ এবং

চক্রবৃদ্ধি মুনাফায় সবৃদ্ধিমূল,

$C = P(1+r)^n$

$= 1000(1 + 10/100)^4$

$= 1000 \times (110/100)^4$

$= 1464.1$

চক্রবৃদ্ধি মুনাফা = 1464.1 - 1000

= 464.1

চক্রবৃদ্ধি মুনাফা ও সরল মুনাফার পার্থক্য = (464.1 - 400) টাকা

=64.10 টাকা।

73) The slogan adopted by CEDAW is

- ✔ 1) Women rights are human rights
- 2) Preserve women rights
- 3) Equal rights for all
- 4) Let women enjoy equal rights

ব্যাখ্যা : CEDAW বা The Convention on the Elimination of All Forms of Discrimination Against Women হলে একটি নারী অধিকারের দলিল। নারীর মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে ১৯৭৯ সালের ১৮ ডিসেম্বের জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়। ১৯৮১ সালের ৩ সেপ্টেম্বর থেকে সনদটি কার্যকর হতে শুরু করে। CEDAW সনদে ৩০টি ধারা আছে। প্রথম ১৬টি ধারা নারীর প্রতি কত প্রকার বৈষম্য আছে তা নিশ্চিত করে এবং পরের ১৪টি ধারা ব্যক্ত করে কিভাবে এগুলো বিলোপ করা যায়।

74) The ratio of two numbers is 3 : 4 and their sum is 630 . The smaller one of the numbers is __

- 1) 360
- ✔ 2) 270
- 3) 180
- 4) 120

ব্যাখ্যা : দেয়া আছে ,

দুটি সংখ্যার অনুপাত = 3 : 4

ধরি,

Hello BCS

ক্ষুদ্রতম সংখ্যাটি = 3x
বৃহত্তম সংখ্যাটি = 4x
প্রশ্নমতে,
3x + 4x = 630
7x = 630
x = 90
ক্ষুদ্রতম সংখ্যাটি = 3× 90 = 270

75) DVD stand for__

1) digital vedio disk
2) digital value disk
✔ 3) digital versatile disk
4) data video disk

ব্যাখ্যা : DVD এর পূর্ণরূপ হচ্ছে- Digital Versatile Disk.
ডিভিডি (DVD) হচ্ছে ডিজিটাল ভিডিও ডিস্ক বা ডিজিটাল ভার্সাটাইল ডিস্ক।
এটি এক ধরনের অপটিকাল ডিস্ক-ভিত্তিক তথ্য রাখার ফরম্যাট।
ডিভিডিতে তথ্য ধারণক্ষমতা সিডি এর চেয়ে প্রায় পাঁচিশগুণ বেশি।
ডিভিডি এর ধারণক্ষমতা সর্বোচ্চ ২৫ গিগাবাইট পর্যন্ত হয়ে থাকে।

সূত্র- ব্রিটানিকা ওয়েবসাইট।

76) October 1985 corresponds to Bangla year __

✔ 1) 1392
2) 1391
3) 1394
4) 1390

ব্যাখ্যা : ইংরেজি সাল থেকে 593 বছর বিয়োগ করলে বাংলা সাল পাওয়া যায়।
1985 - 593 = 1392
বাংলা ১৩৯২ সাল।

77) The protocol that provides information is

✔ 1) ftp
2) smtp
3) telent
4) snmp

Hello BCS

ব্যাখ্যা : FTP ইনফোটেনমেইন্টেনমেনট সুবিধা প্রদান করে।
- FTP এর পূর্ণরূপ : File Transfer Protocol.
- ফাইল ট্রান্সফার প্রোটোকল (এফটিপি) ইন্টারনেটের মাধ্যমে কম্পিউটার এবং সার্ভারের মধ্যে ফাইল স্থানান্তর করার জন্য একটি সহজ যোগাযোগ প্রোটোকল।
- ফাইল ট্রান্সফার প্রোটোকল (FTP) হল ট্রান্সমিশন কন্ট্রোল প্রোটোকল/ইন্টারনেট প্রোটোকল (TCP/IP) ব্যবহার করে ইন্টারনেটের মাধ্যমে একটি ক্লায়েন্ট এবং সার্ভারের মধ্যে ফাইল স্থানান্তর করার জন্য একটি প্রোটোকল।
- এটি এমন একটি প্রোটোকল যা ফাইলগুলিকে ইন্টারনেট সংযোগের মাধ্যমে স্থানান্তর করার অনুমতি দেয়।
- FTP সফটওয়্যার হল ওয়েবসাইট এবং ছবিগুলির মতো ওয়েব সামগ্রী আপলোড এবং ডাউনলোড করার অন্যতম জনপ্রিয় উপায়।

সূত্র- ব্রিটানিকা ওয়েবসাইট।

78) If 4^{2x+1}=32, then x =?

1) 2
2) 3
✔ 3) 3/4
4) 4/3

ব্যাখ্যা :

$$4^{2x+1} = 32$$
$$(2^2)^{2x+1} = 32$$
$$2^{4x+2} = 2^5$$
$$4x + 2 = 5$$
$$4x = 5 - 2$$
$$4x = 3$$
$$x = 3/4$$

Hello BCS

79) URL stands for

1) Universal Resource Locator
✔ 2) Uniform Resource Locator
3) Uniform Router Locator
4) Unified Resource Locator

ব্যাখ্যা : URL এর পূর্ণরূপ হচ্ছে - Uniform Resource Locator.
- ইন্টারনেটে ওয়েবপেজ গুলোকে যে সার্ভারে রাখা হয় তার একটি নির্দিষ্ট ইউনিক অ্যাড্রেস থাকে, যাকে URL (Uniform Resource Locator) বা ওয়েব অ্যাড্রেস বলে। যেমন- amazon.com
- প্রত্যেকটি ওয়েবসাইটের আলাদা আলাদা URL থাকে।
- ইউআরএল এর মাধ্যমে নির্দিষ্ট ওয়েবসাইটে প্রবেশ করা যায়।
- Url এর প্রথম অংশের নাম হল প্রটোকল (protocol)।
- Url এর দ্বিতীয় অংশের নাম হল হোস্ট নেম বা ডোমেইন নেম।
সূত্র- Mozilla Website

80) In MS-Word, which short cut key is used for reviewing a text?

1) Ctrl+N
✔ 2) F7
3) F712
4) Ctrl+Q

ব্যাখ্যা : In MS-Word, the shortcut key used for reviewing a text is "F7". Pressing the F7 key will launch the spelling and grammar checker, and it will scan the document for errors and provide suggestions for corrections. This is a useful tool for proofreading and editing written work.

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS